# ইসলাম শিক্ষা

## ষষ্ঠ ও সপ্তম শ্রেণির সেশন পরিকল্পনা পুনঃবিবেচনা

ষষ্ঠ ও সপ্তম শ্রেণিতে নতুন শিক্ষাক্রম এই বছরেই চালু করা হলো বিধায় শিক্ষক, শিক্ষার্থী, বিদ্যালয়ের প্রশাসক, সবারই নিজেদের প্রস্তুত করতে ও নতুন শিক্ষাক্রমে অভ্যস্ত হতে কিছুটা সময় বেশি লেগেছে। তাই জানুয়ারি থেকে জুলাই মাসের প্রথম সপ্তাহ পর্যন্ত যতগুলো শিখন অভিজ্ঞতা সম্পন্ন করার পরিকল্পনা ছিল, অনেক ক্ষেত্রেই তা করা সম্ভব হয় নি।

১৫ই নভেম্বরের মধ্যে ষষ্ঠ ও সপ্তম শ্রেণির ইসলাম শিক্ষার অবশিষ্ট শিখন অভিজ্ঞতাসমূহ সম্পন্ন করার জন্য শিক্ষকদের জন্য কয়েকটি নির্দেশনা নিচে দেয়া হলো-

**ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়নে ষষ্ঠ ও সপ্তম শ্রেণির যে অভিজ্ঞতা গুলোর মূল্যায়ন হয়েছে –**

| ষষ্ঠ শ্রেণি | সপ্তম শ্রেণি |
|---|---|
| যোগ্যতা ১ অভিজ্ঞতা ১ | যোগ্যতা ১ অভিজ্ঞতা ১ |
| যোগ্যতা ২ অভিজ্ঞতা ১ | যোগ্যতা ২ অভিজ্ঞতা ১ |
| | যোগ্যতা ২ অভিজ্ঞতা ২ |

**ষষ্ঠ ও সপ্তম শ্রেণির আরও ৩ টি করে অভিজ্ঞতা বাৎসরিক সামষ্টিক মূল্যায়নের পূর্বে শেষ করতে হবে –**

| শ্রেণি | অবশিষ্ট অভিজ্ঞতার সংখ্যা | অবশিষ্ট অভিজ্ঞতা শেষ করতে মোট যে কয়টি সেশন সংখ্যার প্রয়োজন হবে | সামষ্টিক মূল্যায়নের পূর্বে যে কয়টি শ্রেণি সময় আছে (২৩ জুলাই – ১০ নভেম্বর) |
|---|---|---|---|
| ষষ্ঠ | ৩ টি | ৪৫ | ১৬ সপ্তাহে ৩২ টি সেশন |
| সপ্তম | ৩ টি | ৪৮ | ১৬ সপ্তাহে ৩২ টি সেশন |

এছাড়া, সরকারি ছুটি, অন্যান্য বিষয়ের দিনব্যাপী শ্রেণি কার্যক্রম, প্রাকৃতিক দূর্যোগ ইত্যাদি কারনে শ্রেণিভেদে কয়েকটি সেশন অতিরিক্ত প্রয়োজন হতে পারে। এই পরিপ্রেক্ষিতে, কিছু নির্দেশনা প্রস্তাব করা হল যা অনুসরণ করে শিক্ষকগণ যথা সময়ে সিলেবাসের সকল শিখন অভিজ্ঞতা শেষ করতে পারবেন।

**মনে রাখতে হবে, এই নির্দেশনা বা প্রস্তাব কেবল ২০২৩ সালের জন্য প্রযোজ্য। ২০২৪ সাল থেকে যথাযথভাবে শিক্ষক সহায়িকা অনুসরণ করে শ্রেণি কার্যক্রম পরিচালনা করতে হবে।**

# ৬ষ্ঠ শ্রেণি

| শিখন অভিজ্ঞতা | শিক্ষকদের জন্য নির্দেশনা | পূর্বনির্ধারিত সেশন সংখ্যা | পরিমার্জিত সেশন সংখ্যা |
|---|---|---|---|
| **যোগ্যতা ৩ অভিজ্ঞতা ১** | ‘প্রথম ধাপ: বাস্তব অভিজ্ঞতা’ এর ২’টি সেশন ‘ভাল কাজ’ এবং ‘মন্দ কাজ’ কে **১**টি সেশনে সম্পন্ন করা যেতে পারে। এক্ষেত্রে শিক্ষার্থীদেরকে একই সেশনে প্রথমে ভাল কাজের কথা এবং তারপর মন্দ কাজের কথা লিখতে বলতে হবে এবং সেই অনুসারে শ্রেণি কার্যক্রম করতে হবে।<br><br>‘তৃতীয় ধাপ: বিমূর্ত ধারনায়ন’ এর **১১**টি সেশনকে কমিয়ে ৭টি সেশনে সম্পন্ন করা যেতে পারে। এক্ষেত্রে সেশনগুলো এভাবে ভাগ করা যেতে পারে-<br>সত্যবাদিতা – **১**টি সেশন<br>মাতা-পিতা এবং আত্মীয়-স্বজনদের সাথে সদাচার - **১**টি সেশন<br>প্রতিবেশী এবং বয়োজ্যেষ্ঠদের সাথে সদাচার – **১**টি সেশন<br>ভিন্ন ধর্মাবলম্বীদের প্রতি সদাচার – **১**টি সেশন<br>সকলের সাথে শান্তিপূর্ন সহাবস্থান – **১**টি সেশন<br>মিথ্যা ও প্রতারণা – **১**টি সেশন<br>গিবত ও পরনিন্দা এবং গালি ও মন্দ কথা - **১**টি সেশন | **১**৫ টি | **১**০ টি |
| **যোগ্যতা ৩ অভিজ্ঞতা ২** | ‘তৃতীয় ধাপ: বিমূর্ত ধারনায়ন’ এর ৯টি সেশনকে কমিয়ে ৬টি সেশনে সম্পন্ন করা যেতে পারে। এক্ষেত্রে সেশনগুলো এভাবে ভাগ করা যেতে পারে-<br>মহানবি হযরত মুহাম্মদ (সা:) এর জীবনী – ২টি সেশন<br>হযরত আবু বকর (রা:) এর জীবনী – **১**টি সেশন<br>হযরত খাদিজা (রা:) এর জীবনী – **১**টি সেশন<br>ইমাম আবু হাশনফা (রহ.) এর জীবনী – **১**টি সেশন<br>হযরত আব্দুল কাদের শজলানী (রহ.) এর জীবনী – **১**টি সেশন<br><br>‘চতুর্থ ধাপ: সক্রিয় পরীক্ষণ’ এর ৩টি সেশনকে কমিয়ে ২টি সেশনে সম্পন্ন করা যেতে পারে। এক্ষেত্রে শিক্ষার্থীরা যে মূল্যবোধের চর্চা করবে সেটি হবে শ্রেকিকক্ষের বাইরের সেশন। | **১**৪ টি | **১**০ টি |
| **যোগ্যতা ৩ অভিজ্ঞতা ৩** | ‘প্রথম ধাপ: বাস্তব অভিজ্ঞতা’ এর ৩টি সেশনকে ২টি সেশনে সম্পন্ন করা যেতে পারে। এক্ষেত্রে সেশন দু’টি হবে – | **১**৫ টি | **১১** টি |

| | | | |
|---|---|---|---|
| | ফিল্ডট্রিপ এর প্রস্তুতি – ১ম সেশন<br>ফিল্ডট্রিপ – ২য় সেশন<br><br>‘দ্বিতীয় ধাপ: প্রতিফলনমূলক পর্যবেক্ষণ’ এর ৫টি সেশনকে ২টি সেশনে সম্পন্ন করা যেতে পারে। এক্ষেত্রে সেশন দু’টি হবে –<br>মুক্তিযুদ্ধে আমরা সবাই – ১ম সেশন<br>মুক্তিযোদ্ধার সাক্ষাৎকার – ২য় সেশন | | |

সাধারণ নির্দেশনা:

১। শিক্ষক লক্ষ্য রাখবেন কোন বিষয়ের শ্রেণির বাইরের কাজ যেন অন্য আরেকটি বিষয়ের শ্রেণি সময়কে প্রভাবিত না করে। অর্থাৎ ইসলাম শিক্ষা বিষয়ের একটি শ্রেণির বাইরের কাজ যেন ইসলাম শিক্ষার পর যে বিষয়ের সেশন পরিচালিত হওয়ার কথা সে বিষয়ের সময়কে প্রভাবিত না করে। সকল বিষয়ের সেশন সময় পরিকল্পনা মত শেষ করতে হবে।
২। দুর্যোগ বা অন্যান্য কারনে যদি বিদ্যালয় বন্ধ থাকে, শিক্ষক পূর্বে থেকে বাড়ির কাজ, দলগত কাজ, তথ্য সংগ্রহ এই ধরণের কাজগুলো শিক্ষার্থীদের বুঝিয়ে দিয়ে শিখন কার্যক্রম চলমান রাখতে পারেন যেন পরিকল্পনা অনুযায়ী সেশন শেষ করা সম্ভব হয়।
৩। যে কোন উপস্থাপনের সময় সব দলের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। দলের সকল সদস্যকে যাচাই করার স্বার্থে সবাইকে অল্প সময়ের জন্য হলেও উপস্থাপনের সুযোগ করে দিতে হবে। সেশন বা সেশনের সময় কমানোর জন্য দলের কোন সদস্যের অংশগ্রহণের সুযোগ নষ্ট করা যাবে না।

# ৭ম শ্রেণি

| শিখন অভিজ্ঞতার শিরোনাম | শিক্ষকদের জন্য নির্দেশনা | পূর্বনির্ধারিত সেশন সংখ্যা | পরিমার্জিত সেশন সংখ্যা |
|---|---|---|---|
| **যোগ্যতা ৩ অভিজ্ঞতা ১** | ‘তৃতীয় ধাপ: বিমূর্ত ধারনায়ন’ এর ১৬টি সেশন অর্থাৎ ‘কতিপয় আখলাকে হামিদাহ ও আখলাকে যামিমাহ’ অংশকে কমিয়ে ৭টি সেশনে সম্পন্ন করা যেতে পারে। এক্ষেত্রে সেশনগুলো এভাবে ভাগ করা যেতে পারে-<br>উত্তম চরিত্র, বিনয়, নম্রতা – ১টি সেশন<br>ক্ষমা, ধৈর্য ও সহিষ্ণুতা, ইষ্টাচার – ১টি সেশন<br>ওয়াদা পালন ও আমানত রক্ষা – ১টি সেশন<br>নিজের কাজ নিজে করা, পরোপকার, সৃষ্টির সেবা – ১টি সেশন<br>মানুষকে কষ্ট দেয়া, প্রতারণা, অপপ্রচার ও গুজব – ১টি সেশন<br>খাদ্যে ভেজাল মেশানো – ১টি সেশন<br>অহংকার, হিংসা, ক্রোধ ও লোভ – ১টি সেশন<br><br>‘চতুর্থ ধাপ: সক্রিয় পরীক্ষণ’ এর ৩টি সেশন অর্থাৎ ‘আখলাকে হামিদাহ এর চর্চা’ অংশকে কমিয়ে ২টি সেশনে সম্পন্ন করা যেতে পারে। এক্ষেত্রে শিক্ষক সহায়িকা অনুসারে শ্রেণি কার্যক্রম পরিচালনা করতে হবে। | ২২ টি | ১২ টি |
| **যোগ্যতা ৩ অভিজ্ঞতা ২** | ‘তৃতীয় ধাপ: বিমূর্ত ধারনায়ন’ এর ১০টি সেশন অর্থাৎ ‘ইসলামের আলোকে আদর্শবানদের জীবন’ অংশকে কমিয়ে ৭টি সেশনে সম্পন্ন করা যেতে পারে। এক্ষেত্রে সেশনগুলো এভাবে ভাগ করা যেতে পারে-<br>মহানবি হযরত মুহাম্মদ (সা:) এর জীবনী – ২টি সেশন<br>হযরত ইসমাঈল (আ:) এবং হযরত আয়েশা (রা:) এর জীবনী – ৩টি সেশন<br>হযরত উমর (রা:) এর জীবনী – ১টি সেশন<br>খাজা মঈন উদ্দীন চিশতী (রহ:) এর জীবনী – ১টি সেশন | ১৬ টি | ১৩ টি |
| **যোগ্যতা ৩ অভিজ্ঞতা ৩** | ‘প্রথম ধাপ: বাস্তব অভিজ্ঞতা’ এর ২টি সেশন অর্থাৎ ‘চিত্রাঙ্কন’ অংশকে ১টি সেশনে সম্পন্ন করা যেতে পারে। এক্ষেত্রে নওয়াব বেগম ফয়জুন্নেসা চৌধুরানী এবং মাদার তেরেসা এর কাজ সম্পর্কিত সকল চিত্র শিক্ষার্থীরা একটি সেশনের মাঝেই অঙ্কন | ১০ টি | ৫ টি |

| | | | |
|---|---|---|---|
| | সম্পন্ন করবে।<br><br>'দ্বিতীয় ধাপ: প্রতিফলনমূলকও পর্যবেক্ষণ' এর ২টি সেশন অর্থাৎ 'অঙ্কিত চিত্র বিশ্লেষণ' অংশেকে ১টি সেশনে সম্পন্ন করা যেতে পারে। এক্ষেত্রে নওয়াব বেগম ফয়জুন্নেসা চৌধুরানী এবং মাদার তেরেসা এর কাজ নিয়ে শিক্ষার্থীরা একই সেশনে পর্যালোচনা ও বিশ্লেষণ করবে।<br><br>তৃতীয় ধাপ: বিমূর্ত ধারনায়ন' এর ৩টি সেশন অর্থাৎ 'সম্প্রীতির ধারনা অর্জন' অংশকে ১টি সেশনে সম্পন্ন করা যেতে পারে। এক্ষেত্রে নওয়াব বেগম ফয়জুন্নেসা চৌধুরানী এবং মাদার তেরেসা এর জীবনী থেকে উদাহরণ টেনে সম্প্রীতি বিষয়টি কি তা শিক্ষার্থীদের বোঝাতে হবে।<br><br>'চতুর্থ ধাপ: সক্রিয় পরীক্ষণ' এর ৩টি সেশন অর্থাৎ 'মানবকল্যানমূলক কাজ' অংশকে ২টি সেশনে সম্পন্ন করা যেতে পারে। এক্ষেত্রে ২য় সেশনটিকে শ্রেণিকক্ষের বাইরের সেশন হিসেবে বিবেচনা করে ১ম এবং ৩য় সেশনকে শ্রেণিকক্ষের অভ্যন্তরীণ সেশন হিসেবে বিবেচনা করতে হবে। | | |

সাধারণ নির্দেশনা:

১। শিক্ষক লক্ষ্য রাখবেন কোন বিষয়ের শ্রেণির বাইরের কাজ যেন অন্য আরেকটি বিষয়ের শ্রেণি সময়কে প্রভাবিত না করে। অর্থাৎ ইসলাম শিক্ষা বিষয়ের একটি শ্রেণির বাইরের কাজ যেন ইসলাম শিক্ষার পর যে বিষয়ের সেশন পরিচালিত হওয়ার কথা সে বিষয়ের সময়কে প্রভাবিত না করে। সকল বিষয়ের সেশন সময় পরিকল্পনা মত শেষ করতে হবে।
২। দুর্যোগ বা অন্যান্য কারনে যদি বিদ্যালয় বন্ধ থাকে, শিক্ষক পূর্বে থেকে বাড়ির কাজ, দলগত কাজ, তথ্য সংগ্রহ এই ধরণের কাজগুলো শিক্ষার্থীদের বুঝিয়ে দিয়ে শিখন কার্যক্রম চলমান রাখতে পারেন যেন পরিকল্পনা অনুযায়ী সেশন শেষ করা সম্ভব হয়।
৩। যে কোন উপস্থাপনের সময় সব দলের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। দলের সকল সদস্যকে যাচাই করার স্বার্থে সবাইকে অল্প সময়ের জন্য হলেও উপস্থাপনের সুযোগ করে দিতে হবে। সেশন বা সেশনের সময় কমানোর জন্য দলের কোন সদস্যের অংশগ্রহণের সুযোগ নষ্ট করা যাবে না।